গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ কোস্ট গার্ড
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

বিজ্ঞপ্তি নং ৪৪.০৮.২৬৮০.০৬০.৩২.০০৭.২১.১৬

তারিখ:১৫ডিসেম্বর ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কোস্ট গার্ডে অসামরিক জনবলের রাজস্বখাতভূক্ত নিম্নোক্ত শূণ্য পদে অস্থায়ী ভিত্তিতে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হইতে নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে http://bcg.teletalk.com.bd এই ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহবান করা যাইতেছে:

| ক্রমিক | পদের নাম | শূণ্য পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত/অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন না |
|---|---|---|---|---|---|
| (ক) | (খ) | (গ) | (ঘ) | (ঙ) | (চ) |
| ১। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | ০১ (এক) টি | ১১০০০-২৬৫৯০ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) প্রতি মিনিটে সাঁটলিপিতে বাংলায় সর্বনিম্ন ৫০ ও ইংরেজীতে সর্বনিম্ন ৮০ শব্দের এবং কম্পিউটারে মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২৫ ও ইংরেজীতে সর্বনিম্ন ৩০ শব্দের গতি সম্পন্ন। | মানিকগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শেরপুর, পাবনা, নওগাঁ, রংপুর, দিনাজপুর, খুলনা, যশোর, মাগুরা, নড়াইল, বাগেরহাট, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী, ফেনী ও হবিগঞ্জ। (উল্লেখ্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ সকল জেলা হইতে আবেদন করিতে পারিবেন) |
| ২। | উচ্চমান সহকারী (গ্রেড-১৪) | ০২ (দুই) টি | ১০২০০-২৪৬৮০ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) কম্পিউটারে মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২৫ ও ইংরেজীতে সর্বনিম্ন ৩০ শব্দের গতি সম্পন্ন। | |
| ৩। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) | ০৩ (তিন)টি | ১০২০০-২৪৬৮০ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) প্রতি মিনিটে সাঁটলিপিতে বাংলায় সর্বনিম্ন ৪৫ ও ইংরেজীতে সর্বনিম্ন ৭০ শব্দের এবং কম্পিউটারে মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২৫ ও ইংরেজীতে সর্বনিম্ন ৩০ শব্দের গতি সম্পন্ন। | |

Scanned with CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪। | অটোমেকানিক (গ্রেড-১৪ ) | ০২ (দুই) টি | ১০২০০-২৪৬৮০ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় অন্যূন ২য় বিভাগ বা সমমানের জিপিএতে উত্তীর্ণ; (খ) কোন স্বীকৃত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টি.টি.সি) বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ০১ (এক) বৎসর মেয়াদী অন্যূন ২য় শ্রেণীর বা সমমানের গ্রেড বা জিপিএতে ট্রেড কোর্স সনদ প্রাপ্ত। | |
| ৫। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬ ) | ০১ (এক) টি | ৯৩০০-২২৪৯০ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) কম্পিউটারে মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২০ ও ইংরেজীতে সর্বনিম্ন ২০ শব্দের গতি সম্পন্ন। | |
| ৬। | ইলেকট্রিশিয়ান (গ্রেড-১৬ ) | ০১ (এক) টি | ৯৩০০-২২৪৯০ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় অন্যূন ২য় বিভাগ বা সমমানের জিপিএতে উত্তীর্ণ; (খ) কোন স্বীকৃত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টি.টি.সি) বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে অটো ইলেকট্রিশিয়ান সনদ প্রাপ্ত। | |
| ৭। | ফটোকপি অপারেটর (গ্রেড-১৮) | ০১ (এক) টি | ৮৮০০-২১৩১০ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ফটোকপি মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা; (গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | ফরিদপুর, রাজবাড়ী, পাবনা, গাইবান্ধা, কুড়িগ্রাম, সাতক্ষীরা, ঝালকাঠি, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুর। (উল্লেখ্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধী এবং পোষ্য কোটার প্রার্থীগণ সকল জেলা হইতে আবেদন করিতে পারিবেন) |
| ৮। | অফিস সহায়ক (গ্রেড-২০) | ২৪ (চব্বিশ) টি | ৮২৫০-২০০১০ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করিতে হইবেঃ**

১। ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা নির্ধারিত হইবে (সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বৎসর, ১,২,৩ এবং ৫নং ক্রমিকে বর্ণিত পদসমূহে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর)। তবে ১০/০১/২০২২ খ্রিঃ তারিখে কোন প্রার্থীর বয়স ১৮ বৎসর পূর্ণ হইলে তিনিও আবেদন করিতে পারিবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করিতে হইবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate Status নির্ধারণ করিতে হইবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নহে। তবে, সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হইবে।

Scanned with CamScanner

৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলিঃ

ক। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://bcg.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করিতে পারিবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২১/১২/২০২১ সকাল ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ ও সময় ১০/০১/২০২২ বিকাল ০৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র submit এর সময় হইতে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

খ। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করিয়া নির্ধারিত স্থানে Upload করিবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হইতে হইবে। ছবিতে মুখমন্ডলের সম্মুখভাগ প্রদর্শিত হইতে হইবে। আড়াআড়িভাবে তোলা বা অস্পষ্ট ছবি গ্রহণযোগ্য নহে।

গ। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।

ঘ। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করিবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনামতে ছবি এবং Signature upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাইবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক প্রিন্ট করিয়া সংরক্ষণ করিবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকিবে। উক্ত User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করিয়া আবেদন ফি বাবদ ১নং হইতে ৬নং ক্রমিকের জন্য ১০০.০০ (একশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকা, মোট ১১২.০০ টাকা (একশত বার) টাকা এবং ৭নং হইতে ০৮নং ক্রমিকের জন্য ৫০.০০ (পঞ্চাশ) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬.০০ টাকা, মোট ৫৬.০০ (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হইলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হইবে না"।

**BCG**<space>**User ID** লিখে Send করিতে হইবে 16222 নম্বরে।

Example: **BCG ABCDEF**

Reply : Applicant't Name, Tk. 112/56 will be charged as application fee. Your PIN is xxxxxxxx, To pay fee Type BCG<space> Yes<space> PIN and send to 16222

**BCG**<space>**Yes**<space>**PIN** লিখে Send করিতে হইবে 16222 নম্বরে।

Example: **BCG YES XXXXXXXX**

Reply : Congratulation Applicant't Name, Payment Completed Successfully for BCG Application for XXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

চ। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bcg.teletalk.com.bd অথবা বাংলাদেশ কোস্ট গার্ড এর **Website: www.coastguard.gov.bd** এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ। SMS- এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করিয়া নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করিবেন।

জ। শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হইতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করিতে পারিবেন।

i. User ID জানা থাকিলে: **BCG**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: **BCG HELP USER ABCDEF** & Send to 16222.

ii. PIN Number জানা থাকিলে: **BCG**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.

Example: **BCG HELP PIN 12345678** & Send to 16222.

Scanned with CamScanner

ঝ। Online-এ আবেদন করিতে কোন সমস্যা হইলে টেলিটক নম্বর হইতে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাইবে।

(Mail এর subject-এ Organization Name: BCG Post Name:*****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করিতে হইবে।)

৪। সরকার নির্ধারিত বিশেষ কোটার চাকুরী প্রার্থীকে ঐ কোটায় চাকুরীর যোগ্যতা সংক্রান্ড় সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করিতে হইবে।

৫। আবেদনকারী বিভাগীয় প্রার্থী/পোষ্য কোটার হইলে আবেদনপত্রে তা উল্লেখ করিতে হইবে। প্রার্থী বাংলাদেশ কোস্ট গার্ডের কোন কর্মচারীর পোষ্য (পোষ্য অর্থ বাংলাদেশ কোস্ট গার্ডের স্থায়ী পদে কর্মরত বা অবসরপ্রাপ্ত (জীবিত বা মৃত) কর্মচারীর সন্তান ও বিধবা স্ত্রী বুঝাবে) হইলে আবেদনকারীর সাথে কর্মরত বা অবসরপ্রাপ্ত (জীবিত বা মৃত) কর্মচারীর সম্পর্ক উল্লেখ পূর্বক নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ও বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষরসহ প্রত্যয়ন পত্র এবং পোষ্য সংক্রান্ত প্রমাণক দাখিল করিতে হইবে।

৬। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি অবশ্যই প্রদর্শন করিতে হইবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি দাখিল করিতে হইবে। এছাড়া প্রার্থীর সদ্যতোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি মৌখিক পরীক্ষার সময় দাখিল করিতে হইবে। জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হইলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লি-ষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করিতে হইবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করিতে হইবে।

৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৮। নির্বাচিত প্রার্থীগণ কোস্ট গার্ডের যেকোন অঞ্চল/ঘাঁটিতে চাকুরী করিতে বাধ্য থাকিবেন।

৯। নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও বাংলাদেশ কোস্ট গার্ডের ওয়েবসাইট **www.coastguard.gov.bd** তে পাওয়া যাইবে।

১০। নিয়োগ বিজ্ঞপ্তিতে শূণ্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহার ও সংশোধনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন।

১১। শূণ্য পদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হইবে।

১২। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হইলে তা অনুসরণ করা হইবে।

১৪। নিয়োগ সম্পর্কিত যে কোন সর্বশেষ তথ্য বাংলাদেশ কোস্ট গার্ড এর ওয়েবসাইট www.coastguard.gov.bd এ পাওয়া যাইবে। এছাড়া **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করিয়াও বিজ্ঞপ্তি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাইবে।

❖ অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করিবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম হইতে উক্ত কাজটি সম্পন্ন করিয়া প্রার্থী প্রতারিত হইলে কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।

❖ শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করিয়া হাতে যথেষ্ট সময় নিয়া Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করিতে পরামর্শ দেওয়া যাইতেছে।

❖ **নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারকচক্রের সাথে কোনও প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন হইতে বিরত থাকিবার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হইলো।**

এম তরিকুল ইসলাম
ক্যাপ্টেন বিএন
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি

Scanned with CamScanner